গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্টেশন অফিসার

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন ডুমুরিয়া, খুলনা

এবং

উপসহকারী পরিচালক

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

খুলনা।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৪ - ৩০ জুন, ২০২৫

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ০৬-০৮ |
| অঙ্গীকারনামা | ০৭ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১০ |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩ বছর) প্রধান অর্জনসমূহ:

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর অগ্নিকান্ডসহ যেকোন দুর্যোগ-দুর্ঘটনায় প্রথম সাড়াদানকারী সেবাধর্মী প্রতিষ্ঠান। অত্র দপ্তরের আওতাধীন খুলনা জেলা অত্যন্ত গুরুত্বপূর্ণ জেলা। গতি, সেবা ও ত্যাগের মূলমন্ত্রে উজ্জীবিত হয়ে অত্র বিভাগের আওতাধীন কর্মীরা দিন-রাত ২৪ ঘন্টা মানুষের কল্যান ও সেবায় নিয়োজিত। জনগণের দোরগোড়ায় অত্র অধিদপ্তরের সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে ইতোমধ্যে খুলনা জেলায় ১৩টি ফায়ার স্টেশন চালু করা হয়েছে ।

- খুলনা জেলার আওতাধীন ফায়ার স্টেশন কর্তৃক ২০২১-২২ অর্থবছরে ১৬০টি, ২০২২-২৩ অর্থবছরে ২০০ টি এবং ২০২৩-২৪ অর্থ বছরে ২৫৭টি অগ্নিনির্বাপণের ফলে মোট ১০২,৯৫,৩২,৫৬০/ টাকার সম্পদ উদ্ধার করা সম্ভব হয়েছে।
- অত্র দপ্তরের আওতাধীন স্টেশনসমূহ কর্তৃক যেকোন দুর্ঘটনা তাৎক্ষণিক মোকাবেলার জন্য নিয়মিত ডিউটি পরিচালনা করা হচ্ছে। যার ফলে অগ্নি-দুর্ঘটনাসহ যেকোন ধরনের দুর্ঘটনায় অতি দ্রুত সাড়া প্রদান করায় জান-মালের ক্ষয়ক্ষতির পরিমান অনেকাংশে হ্রাস পেয়েছে।
- উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে রয়েছে সড়ক দুর্ঘটনা, নৌ-দুর্ঘটনা, রেল দুর্ঘটনা, পাহাড় ধ্বস এবং ঘুর্ণিঝড় জলোচ্ছাস এবং জঙ্গি আস্তানাসহ অন্যান্য দুর্ঘটনায় সফলতার সাথে সকল কার্যক্রম পরিচালনা করেছে। ২০২১ সালে ৩১৪জন ২০২২ সালে ২১০ জন ও ২০২৩ সালে ২৫০ জনকে জীবিত উদ্ধার।
- অত্র দপ্তরের কর্মীদের মনোবল এবং পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অত্র দপ্তরের আওতাধীন বিভিন্ন ফায়ার স্টেশন হতে কর্মকর্তা/কর্মচারীদের খুলনা বিভাগীয় সদর দপ্তরের মাধ্যমে অগ্নিনির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণসহ বহুতল ও বাণিজ্যিক ভবনের অগ্নিনির্বাপণের জন্য অত্র বিভাগে ব্রেভহার্ট কোর্স, MFR & CSSR ও Crush Programme চলমান আছে।
- ভূমিকম্প দুর্ঘটনায় উদ্ধার কাজ করার জন্য USAR টিম, স্পেশাল ফায়ার ফাইটিং এবং ওয়াটার রেসকিউ টিম গঠন করা হয়েছে।
- অগ্নিসেনাদের শারীরিক ফিটনেস রাখার জন্য ০১টি ফায়ার স্টেশনে পিটি আইটেম স্থাপন করে মিনি ট্রেনিং সেন্টারে রূপান্তর করা হয়েছে।
- এছাড়াও ভূমিকম্প পরবর্তী উদ্ধারকাজে সহযোগিতা করার জন্য CDMP ও অন্যান্য এনজিও এর সহযোগিতায় খুলনা সিটি কর্পোরেশনসহ অন্যান্য জেলা শহরের স্থানীয় বাসিন্দাদের প্রশিক্ষণের মাধ্যমে ভলান্টিয়ার তৈরির কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে ৫০২ জন কমিউনিটি ভলান্টিয়ার তৈরি করা হয়েছে এবং এ কাজ চলমান আছে।
- অত্র দপ্তরের অগ্নিনির্বাপণ খাতে ২০২০-২০২১ অর্থবছরে=১৪২৯২৬২/- ও ২০২১-২০২২ অর্থবছরে =১৬,৬৫,৭৯১/- , ২০২২-২০২৩ অর্থ বছরে ১৬,২৮,২১৪/- টাকা এবং ২৩-২৪ অর্থবছরে=১৫৩৭৮৫৯/(এপ্রিল/২৪ পর্যন্ত) রাজস্ব আদায় করা হয়েছে ৪০% ধরে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

শহর এলাকায় অগ্নিনির্বাপণের জন্য পর্যাপ্ত পানির অভাব, পর্যাপ্ত হাইড্রেন্ট ব্যবস্থা না থাকা, ট্রাফিক জ্যাম ও অপ্রশস্থ রাস্তাঘাটের কারণে অগ্নিনির্বাপণ কষ্টকর। বহুমাত্রিক ঝুঁকিপূর্ণ অগ্নিকাণ্ড, অপরিকল্পিত নগরায়ণ ও শিল্পায়ন এবং বিদ্যমান আইন বিধি-বিধান না মেনে ভবন নির্মাণ ও আবাসিক এলাকায় কেমিক্যাল দোকান পাট, গোডাউন স্থাপনের ফলে অগ্নিকান্ডসহ অন্যান্য দুর্ঘটনায় অপারেশনাল কার্যক্রম পরিচালনায় কষ্টসাধ্য হয়ে পড়ছে। আধুনিক ও যুগোপযোগী উদ্ধার সরঞ্জামাদির স্বল্পতা, জনবল স্বল্পতাসহ নানাবিধ জটিলতা মোকাবিলার কারণে অর্পিত দায়িত্ব সঠিকভাবে পরিচালনা ব্যহত হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

(১) খুলনা বিভাগীয় সদর দপ্তর ভবনটি অত্যন্ত পুরাতন ও জরাজীর্ন হওয়ায় বিদ্যমান ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ (২) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা বিভাগে প্রস্তাবিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগীয় ট্রেনিং সেন্টার স্থাপন কার্যক্রম বাস্তবায়ন (৩) খুলনা বিভাগীয় সদরে ১টি বহুতল স্টাফ কোয়ার্টার নির্মাণ (৪) খুলনা জেলায় নুন্যতম ২০০ জন ভলান্টিয়ার প্রশিক্ষণ প্রদান ও তালিকাভুক্তকরণ (৫) পরিত্যক্ত ভবনসমূহ কনডেম ঘোষণা করত: তথায় নতুন ভবন তৈরি ( আবাসিক/অনাবাসিক) । (৬) শিল্পাঞ্চল হওয়ায় সাতক্ষীরা জেলায় ১টি করে বিশেষ পানিবাহী গাড়ী সরবরাহ প্রয়োজন।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- অগ্নিকান্ডসহ যে কোন দুর্ঘটনায় ১০০ ভাগ সাড়া প্রদান করা হবে;
- দুর্ঘটনায় আক্রান্তদের ১০০ ভাগ উদ্ধারপূর্বক চিকিৎসালয়ে স্থানান্তর করা হবে;
- ১৭৩ টি অগ্নিনির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসার মহড়া পরিচালনা করা হবে;
- অগ্নিনিরাপত্তা নিশ্চিতকল্পে ১৯২টি বিভিন্ন শিল্পসহ অন্যান্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হবে;
- অগ্নিনির্বাপণী ৭৫টি মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে ২২৫৬জনকে প্রশিক্ষিত করা হবে;
- জনসচেতনতা বৃদ্ধিকল্পে ১৪৪টি টপোগ্রাফি ও গণসংযোগ পরিচালনা করা হবে;
- সক্ষমতা বৃদ্ধিকরণে ৪১০ জন কর্মকর্তা-কর্মচারীকে বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ৫টি ফায়ার স্টেশন পরিদর্শন করা হবে।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন ডুমুরিয়া, খুলনা

এবং

উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা মহোদয়
এর মধ্যে
২০২৪ সালের জুন মাসের
৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প:

''অগ্নিকাণ্ডসহ সকল দুর্যোগ মোকাবিলা ও নাগরিক সুরক্ষা নিশ্চিতকরণের মাধ্যমে এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে সক্ষমতা অর্জন''

১.২ অভিলক্ষ্য:

''দুর্যোগ-দুর্ঘটনায় জীবন ও সম্পদ রক্ষার মাধ্যমে নিরাপদ বাংলাদেশ গড়ে তোলা''

১.৩ কর্মসম্পাদন ক্ষেত্র:

১) অগ্নিদুর্ঘটনা প্রতিরোধ ও নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ;
২) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;
৩) জনসচেতনতা ও সক্ষমতা বৃদ্ধিকরণ;
৪) অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও অন্যান্য সেবা পরিচালনা;

১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য :

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ;

১.৪ কার্যাবলি:

- অগ্নিনির্বাপণ ও অগ্নিপ্রতিরোধ ব্যবস্থা জোরদার করা এবং যে কোনো দুর্যোগে/দুর্ঘটনায় অনুসন্ধান ও উদ্ধারকার্য পরিচালনা করা;
- দুর্ঘটনা ও দুর্যোগে আহতদের প্রাথমিক চিকিৎসা প্রদান, গুরুতর আহতদের দ্রুত হাসপাতালে প্রেরণ এবং রোগীদের অ্যাম্বুলেন্স সেবা প্রদান;
- জনসচেতনতা বৃদ্ধি এবং সকল স্থাপনায় অগ্নিদুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণ, পরামর্শ, মহড়া অনুষ্ঠান এবং দুর্যোগ-দুর্ঘটনা তাৎক্ষণিকভাবে মোকাবিলার জন্য দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় টহল ডিউটি কার্যক্রম পরিচালনা করা;
- ওয়্যারহাউজ, ওয়ার্কশপ ও বহুতল ভবনের অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা বাস্তবায়নকল্পে ফায়ার লাইসেন্স ও ছাড়পত্র প্রদান করা;
- দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে সরকারকে কৌশলগত পরামর্শ প্রদান এবং আন্তর্জাতিক অগ্নিনির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা সংস্থাসমূহের সঙ্গে লিয়াঁজো রক্ষা ও এতদ্‌সংশ্লিষ্ট আন্তর্জাতিক সভা সেমিনারে প্রতিনিধিত্ব করা;
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও এ বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা;
- জান-মালের নিরাপত্তা বৃদ্ধিসহ দুর্যোগ মোকাবিলায় স্বেচ্ছাসেবক দল তৈরি করা;
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারী, জনসাধারণ ও শিক্ষার্থীদের অগ্নিনির্বাপণ প্রতিরোধ এবং বেসামরিক প্রতিরক্ষা বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
- অধিদপ্তরের জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অগ্নিনির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ে যুগোপযোগি আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- আইন অনুযায়ী সার্ভিস চার্জের বিনিময়ে সেবা প্রদান ও সংঘটিত অগ্নিকাণ্ডের তদন্ত করে প্রতিবেদন প্রণয়ন করা।

# সেকশন ৩ কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২০২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২০২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ অসাধারণ ১০০% | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ অতি উত্তম ৯০% | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ উত্তম ৮০% | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৫ | ১৬ |
| কর্মসম্পাদন ক্ষেত্রসমুহ | | | | | | | | | | | | | |
| [১] অগ্নিদুর্ঘটনা প্রতিরোধ ও নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ; | ২৫ | [১.১] জনসচেতনতার লক্ষ্যে অগ্নিদুর্ঘটনা, উদ্ধার ও ভূমিকম্পসহ অন্যান্য দুর্ঘটনায় ক্ষয়ক্ষতি রোধকল্পে মহড়া আয়োজন | [১.১.১] সরকারি প্রতিষ্ঠান ও আবাসিক ভবনে আয়োজিত মহড়া | সমষ্টি | সংখ্যা | ২ | ২৪ | ২৮ | ১ | ১ | ০ | ২ | ৩ |
| | | | [১.১.২] বেসরকারি প্রতিষ্ঠান, আবাসিক ভবন ও অন্যান্য স্থানে পরিচালিত মহড়া | সমষ্টি | সংখ্যা | ২ | ১১ | ২৭ | ২ | ২ | ১ | ৩ | ৪ |
| | | | [১.১.৩] হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র ও ক্লিনিকে পরিচালিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৯ | ৯ | ২ | ১ | ০ | ২ | ৩ |
| | | | [১.১.৪] বাণিজ্যিক ভবন, শপিংমল, বিপণিবিতান ও হাটবাজারে আয়োজিত মহড়া | সমষ্টি | সংখ্যা | ২ | ১০০ | ৬৩ | ৫ | ৬ | ৫ | ৮ | ৯ |
| | | | [১.১.৫] স্থল বন্দর, সমুদ্র বন্দর, নৌ-বন্দর, বিমানবন্দর, লঞ্চঘাট, ফেরীঘাটে পরিচালিত মহড়া | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | ০ | ১ | ১ | ২ | ৩ |
| | | | [১.১.৬] স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয় পরিচালিত মহড়া | সমষ্টি | সংখ্যা | ২ | - | ৩৪ | ৪ | ৫ | ৪ | ৭ | ৮ |
| | | | [১.১.৭] ধর্মীয় উপসনালয়ে (মসজিদ, মন্দির গীর্জা, প্যাগোডা ও অন্যান্য) পরিচালিত মহড়া | সমষ্টি | সংখ্যা | ২ | - | - | ১ | ১ | ০ | ২ | ৩ |
| | | [১.২] অগ্নিনিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ | [১.২.১] শপিংমল, বিপনী বিতান ও মার্কেটে পরিচালিত পরিদর্শন ও সুপারিশ প্রদান | সমষ্টি | সংখ্যা | ১ | ৩৮ | ১২৫ | ২ | ২ | ১ | ৪ | ৫ |
| | | | [১.২.২] শিল্প প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানে পরিচালিত পরিদর্শন ও সুপারিশ প্রদান | সমষ্টি | সংখ্যা | ১ | ১৯০ | ১৭৫ | ৪ | ৫ | ৪ | ৭ | ৮ |
| | | | [১.২.৩] লাইসেন্স এর শর্তাবলী প্রতিপালন সংক্রান্ত পরিচালিত পরিদর্শন ও সুপারিশ প্রদান | সমষ্টি | সংখ্যা | ২ | - | - | - | - | - | - | - |
| | | | [১.২.৪] নির্দিষ্ট সময়ের মধ্যে ফায়ার লাইসেন্স এর নিষ্পত্তিকৃত আবেদন | গড় | % | ১ | - | - | - | - | - | - | - |
| | | | [১.২.৫] নির্দিষ্ট সময়ের মধ্যে বহুতল ও বাণিজ্যিক ভবনের ফায়ার সেফটি প্লান/এনওসি এর নিষ্পত্তিকৃত আবেদন | গড় | % | ১ | - | - | - | - | - | - | - |
| | | | [১.২.৬] ফায়ার লাইসেন্সের জন্য প্রদানকৃত নোটিশ | সমষ্টি | সংখ্যা | ১ | - | - | - | - | - | - | - |
| | | | [১.২.৭] ফায়ার সেফটি প্লানের জন্য প্রদানকৃত নোটিশ | সমষ্টি | সংখ্যা | ১ | - | - | - | - | - | - | - |
| | | | [১.২.৮] ফায়ার লাইসেন্সের শর্তের ব্যত্যয় করায় দায়েরকৃত মামলা | সমষ্টি | সংখ্যা | ১ | - | - | - | - | - | - | - |
| | | [১.৩] ফায়ার লাইসেন্স ও অ্যাম্বুলেন্স সেবা হতে রাজস্ব আদায় | [১.৩.১] প্রদানকৃত ফায়ার লাইসেন্স ও অ্যাম্বুলেন্স সেবা হতে রাজস্ব আদায়কৃত | সমষ্টি | টাকা | ১ | - | - | - | - | - | - | - |
| | | [১.৪] স্থানীয় প্রশাসনের সহযোগিতায় মোবাইল কোর্ট পরিচালনা | [১.৪.১] পরিচালিত মোবাইল কোর্ট | সমষ্টি | সংখ্যা | ১ | - | ৩ | - | - | - | - | - |

| কর্মসম্পাদন ক্ষেত্র | | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৪ | ১৬ |
| - | ২০ | [২.১] ফায়ার স্টেশন পরিদর্শন | [২.১.১] পরিদর্শনকৃত ফায়ার স্টেশন ও সুপারিশ প্রদান | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৫ | - | - | - | - | - |
| | | [২.২] অধীনস্ত কার্যালয়সমূহের সাথে সভা অনুষ্ঠান | [২.২.১] অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | - | - | - | - | - |
| | | [২.৩] ফায়ার সার্ভিস কর্মী বাহিনীর জন্য পরিচালিত পেশাগত প্রশিক্ষণ | [২.৩.১] কর্মকর্তা/ কর্মচারীদের সার্চ এ্যান্ড রেসকিউ বিষয়ে প্রশিক্ষণ প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ১ | ০ | - | - | - | - | - |
| | | | [২.৩.২] কর্মকর্তা/ কর্মচারীদের স্ট্রাকচারাল ফায়ার ফাইটিং বিষয়ে প্রশিক্ষণ প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ০ | ০ | - | - | - | - | - |
| | | | [২.৩.৩] কর্মকর্তা/ কর্মচারীদের হ্যাজমেট বিষয়ে প্রশিক্ষণ প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ১ | ১ | - | - | - | - | - |
| | | | [২.৩.৪] কর্মকর্তা/ কর্মচারীদের বিএ গ্যালারী ও ব্রেভহার্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ১ | ২ | - | - | - | - | - |
| | | | [২.৩.৫] কর্মকর্তা/ কর্মচারীদের ল্যান্ড স্লাইড বিষয়ে প্রশিক্ষণ প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ০ | ০ | - | - | - | - | - |
| | | | [২.৩.৬] কর্মকর্তা/ কর্মচারীদের এমএফআর বিষয়ে প্রশিক্ষণ প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ০ | ০ | - | - | - | - | - |
| | | [২.৪] ফায়ার সার্ভিস কর্মীবাহিনীর পেশাগত দক্ষতা বৃদ্ধিকল্পে পরিচালিত প্রশিক্ষণ ও পরিবীক্ষণ | [২.৪.১] সমসাময়িক বিষয়ে বিশেষ লার্নিং সেশন আয়োজন | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | - | - | - | - | - |
| | | | [২.৪.২] আওতাধীন দপ্তর ও স্টেশনের এপিএ কার্যক্রম পরিবীক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | - | ১ | - | - | - | - | - |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৫ | ১৬ |
| [৩] জনসচেতনতা ও সক্ষমতা বৃদ্ধিকরণ | ১৫ | [৩.১] অগ্নি প্রতিরোধ, নির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা এবং ভূমিকম্পসহ অন্যান্য দুর্যোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | [৩.১.১] সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান ও আবাসিক ভবন প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৭ | ২২ | ২ | ১ | ১ | ২ | ৩ |
| | | | [৩.১.২] স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ১৮ | ৩ | ২ | ১ | ৪ | ৫ |
| | | | [৩.১.৩] ধর্মীয় উপসনালয়ে (মসজিদ, মন্দির গীর্জা, প্যাগোডা ও অন্যান্য) প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ০ | ১ | ১ | ০ | ২ | ৩ |
| | | [৩.২] কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুতকরণ ও সমন্বয় সাধন | [৩.২.১] প্রশিক্ষিত কমিউনিটি ভলান্টিয়ারদের সতেজকরণ প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা (জন) | ৩ | ১৮ | ০ | ১ | ১ | ০ | ২ | ৩ |
| | | [৩.৩] জনসচেতনতার লক্ষ্যে টপোগ্রাফি ও গণসংযোগ পরিচালনা | [৩.৩.১] পরিচালিত টপোগ্রাফি ও গণসংযোগ | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩৮৭ | ৫৩৮ | ১১ | ১০ | ৯ | ১২ | ১৩ |
| [৪] অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও অন্যনান্য সেবা পরিচালনা | ১০ | [৪.১] অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনায় সাড়া প্রদান | [৪.১.১] অগ্নিকাণ্ডের সংবাদে অকুস্থলের উদ্দেশ্যে যাত্রা | মিনিট | সময় | ২ | - | - | ০১ মিনিট | ০১ মিনিট | ০১ মিনিট | ০১ মিনিট | ০১ মিনিট |
| | | [৪.২] সড়ক, নৌ ও অন্যান্য দুর্ঘটনায় সাড়া প্রদান | [৪.২.১] দুর্ঘটনার সংবাদে অকুস্থলের উদ্দেশ্যে যাত্রা | মিনিট | সময় | ২ | - | - | ০১ মিনিট | ০১ মিনিট | ০১ মিনিট | ০১ মিনিট | ০১ মিনিট |
| | | [৪.৩] অ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা | [৪.৩.১] প্রদানকৃত অ্যাম্বুলেন্স সার্ভিস | গড় | % | ২ | ৯০ | ৯০ | ৯২ | ৯১ | ৯০ | ৯৩ | ৯৫ |
| | | [৪.৪] বিভিন্ন জাতীয় উৎসব, মেলা ও অন্যান্য অনুষ্ঠানে অগ্নিনিরাপত্তা ইউনিট মোতায়েন | [৪.৪.১] মোতায়েনকৃত ইউনিট | গড় | % | ২ | - | - | ১০০ | ৯৫ | ৯০ | ১০০ | ১০০ |
| | | [৪.৫] ভিভিআইপি/ ভিআইপিগণের অগ্নিনিরাপত্তা ইউনিট মোতায়েন | [৪.৫.১] মোতায়েনকৃত ইউনিট | গড় | % | ২ | - | - | ১০০ | ৯৫ | ৯০ | ১০০ | ১০০ |

## অঙ্গীকারনামা

আমি সরদার শরিফুল ইসলাম, স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ডুমুরিয়া, খুলনা হিসেবে সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মো: ফারুক হোসেন সিকদার, সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা । স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ডুমুরিয়া, খুলনা এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

সরদার শরিফুল ইসলাম
স্টেশন অফিসার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন
ডুমুরিয়া, খুলনা ।

তারিখ: ৩০ /০৬/২০২৪খ্রি:

মোঃ ফারুক হোসেন সিকদার
সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
খুলনা

তারিখ:৩০ /০৬/২০২৪খ্রি: